

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা

স্মারক নং- ৪১.০১.০৩৫১.০০০.৩১.১৬১.১২- ১২৬

তারিখ :- ০২/০৮/২০২২

বিষয় :- ২০২২-২০২৩ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ জিটুপি পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে
আবেদন গ্রহন, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

সূত্র : ৪১.০১.০০০০.০৪৯.০২.০০৮.২০.৫৮৩ তারিখ : ২৭/০৭/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতাভোগীদের বিদ্যমান
নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তির নিকট হতে এমআইএস এর মাধ্যমে আবেদন গ্রহনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।
নিম্নোক্ত ওয়েব ঠিকানায় mis.bhata.gov.bd/online application লিংক এর মাধ্যমে আবেদন করতে হবে।
আবেদন ১০/০৮/২০২২ হতে ১০/০৯/২০২২ তারিখ পর্যন্ত করা যাবে। উক্ত কাজ সংশ্লিষ্ট ইউনিয়ন ডিজিটাল সেন্টারের (ইউডিসি)
উদ্যোক্তাদের মাধ্যমে করা যেতে পারে। উক্ত কাজে সার্বিক সহযোগিতা করতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ওয়ার্ড
মেম্বর, সচিব ও উদ্যোক্তাদের অনুরোধ করা হলো।

আবেদনের জন্য নিম্নোক্ত বিষয়গুলো প্রয়োজন হবে :

১. জাতীয় পরিচয় পত্র/১৮ বছরের কম বয়সের ব্যক্তিদের অনলাইনকৃত জন্ম নিবন্ধন।
২. সুবর্ণ নাগরিক কার্ড (প্রতিবন্ধী আইডি কার্ড)।
৩. নিজ/অভিভাবকের নামে নিবন্ধনকৃত নতুন মোবাইল নম্বর বিকাশ করা।

উপজেলা সমাজসেবা অফিসে যা জমা দিতে হবে :

১. অনলাইন আবেদনের প্রিন্ট কপি।
২. সুবর্ণ নাগরিক কার্ড এর ফটোকপি।
৩. পাসপোর্ট সাইজের এককপি ছবি ও নতুন বিকাশ করা মোবাইল নম্বর।

প্রাপক

চেয়ারম্যান

..... ইউনিয়ন পরিষদ

লামা, বান্দরবান পার্বত্য জেলা

(তানভীর হাসান)

উপজেলা সমাজসেবা কর্মকর্তা

লামা, বান্দরবান পার্বত্য জেলা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
- ২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
- ৪) জনাব দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
- ৫) উদ্যোক্তা, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, লামা, বান্দরবান পার্বত্য জেলা (বহুল প্রচারের অনুরোধ সহ)।
- ৬) অফিস কপি।